গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
(প্রশাসন অধিশাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.modmr.gov.bd

স্মারক নং-৫১.০০.০০০০.৩১০.০৬.০০২.২০.২৮৬ তারিখঃ ২২-০৩-২০২১ খ্রিঃ

**বিষয়ঃ মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি সংক্রান্ত ফেব্রুয়ারি, ২০২১ মাসের প্রতিবেদন।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অধীনস্থ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে প্রাপ্ত অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি সংক্রান্ত বিষয়ে ফেব্রুয়ারি, ২০২১ মাসের অগ্রগতি প্রতিবেদন সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তঃ পাঁচ পাতা

22/3/2021

(আবুল বায়েছ মিয়া)
যুগ্মসচিব (প্রশাসন)
ও
অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক)
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
[দৃ: আ: মখলেছুর রহমান, উপসচিব, অভিযোগ ব্যবস্থাপনা অধিশাখা]

অনুলিপি কার্যার্থে:
১। সিস্টেম এনালিষ্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (জিআরএস ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)

পরিশিষ্ট 'খ'

ছক
(ফেব্রুয়ারি,২০২১)

| পূর্বের অভিযোগের সংখ্যা | চলতি মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা | মোট প্রাপ্ত অভিযোগের সংখ্যা | এক/ছয় মাসের উর্ধ্বে অনিষ্পন্ন অভিযোগের সংখ্যা | নিষ্পন্ন অভিযোগের সংখ্যা | অনিষ্পন্ন অভিযোগের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১১ | ০৪ | ১৫ | ০৯ | ০২ | ১৩ | |

০৭.০৩.২০২১

(লুৎফুন নাহার)
উপ-সচিব
উপ-পরিচালক (প্রশাসন-১)
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

D:\DDM_Admin_Fatahutab\Monthly_Report\2020\objection_feb 2021.docx

পরিশিষ্ট 'ক'

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি সংক্রান্ত ফেব্রুয়ারি ২০২০ মাসের তথ্যাদিঃ

| ক্রমিক নং | অভিযোগ প্রাপ্তির তারিখ | অভিযোগের বিষয় | অভিযোগকারীর নাম ও ঠিকানা | অভিযুক্ত কর্মকর্তা / কর্মচারীর নাম ও ঠিকানা | গৃহীত ব্যবস্থা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১ | ০৬-০১-২০১৫ খ্রি. | ২০১১-১২ অর্থবছরে কাবিখা কর্মসূচির' পাঠক শিকড় ইহসান দরবার শরীফে মাটি ভরাট' প্রকল্পের কাজ না হওয়া সত্ত্বেও ৬.০০০ মে.টন চাল প্রকল্প কমিটিকে পরিশোধ করা | জনাব গৌতম কুমার ভট্টাচার্য,যুগ্ম-সচিব দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ০৬/০১/২০১৫ তারিখের ০৪ নং তদন্ত প্রতিবেদন | জনাব গোলাম কিবরিয়া উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পীরগাছা, রংপুর। | জনাব গৌতম কুমার ভট্টাচার্য, যুগ্মসচিব এর তদন্ত প্রতিবেদনে ৬.০০০ মে.টন চাল এর দ্বিগুন মূল্য প্রকল্প কমিটির নিকট হতে আদায় সরকারি কোষাগারে জমাদানের জন্য সুপারিশ করা হয়, একই সাথেপ্রকল্পের কাজ আদায় না করে একাধিক কিস্তিতে প্রকল্প কমিটির বরাবরে ৬.০০ মে.টন চাল উক্ত প্রকল্পের বিপরীতে অতিরিক্ত পরিশোধ করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাকে কারণ দর্শানোর নোটিশ দিয়ে দায় নির্ধারণ করা যায় মর্মে সুপারিশ করা হয়। সে আলোকে সংশ্লিষ্ট উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জনাব গোলাম কিবরিয়াকে গত ৩১.০৩.২০১৫ তারিখে কারণ দর্শানো হয় এবং ৬.০০০ মে.টন চাল এর দ্বিগুন মূল্য প্রকল্প কমিটির নিকট হতে আদায় সরকারি কোষাগারে জমাদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ অধিদপ্তরের পরিচালক(মূওপ) কে গত ৩১.০৩.২০১৫ তারিখে অনুরোধ করা হয়। জনাব গোলাম কিবরিয়া গত ১৯.০৪.২০১৫ তারিখে ডিআরআরও, রংপুরের ২২২ নং স্মারকের মাধ্যমে জবাব দাখিল করেন। ডিআরআরও,রংপুর এর অগ্রায়ণ পত্রে কোন মদতামত না থাকায় মতামতসহ সংশ্লিষ্ট পিআইও এর জবাব প্রেরণের জন্য ডিআরআরও,রংপুরকে সর্বশেষ ১২.০৮.২০২০ তারিখে ৫১৫ নং স্মারকে অনুরোধ করা হয়। এ পর্যন্ত ডিআরআরও, রংপুর কোনো মতামত প্রেরণ করেন নাই। পরবর্তীতে ২০১১-১২ অর্থবছরে কাবিখা কর্মসূচির 'পাঠক শিকড় ইহসান দরবার শরীফে মাটি ভরাট' প্রকল্পের কাজ না হওয়ায় ঐ প্রকল্পে বরাদ্দকৃত ৬.০০০ মে.টন চালের দ্বিগুণ মূল্য হিসেবে ৪,২৫,৭৭২/- (চার লক্ষ পঁচিশ হাজার সাত শত বাহাত্তর) টাকা সরকারি কোষাগারে জমা প্রদান না করায় সংশ্লিষ্ট প্রকল্প চেয়ারম্যান এর বিরুদ্ধে উপজেলা নির্বাহী অফিসার, পীরগঞ্জ কর্তৃক ০১/২০১৮ নং সার্টিফিকেট মামলা রুজু করা হয়। গত ০৯.১২.২০২০ তারিখে ১০০৭ নং স্মারকে জনাব গোলাম কিবরিয়া,সাবেক উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,পীরগাছা (সাময়িক বরখাস্ত) রংপুরকে কারণ দর্শানো হয়েছে। |
| ০২ | দুদক, প্রধান কার্যালয় স্মারক নং-১১৮৩২, ১৯.৩.২০ | বিভিন্ন প্রকল্পের সিডিউল বিক্রির টাকা আত্মসাৎ | দুদক, প্রধান কার্যালয়, ঢাকা। | এস এ করিম, পিআইও লোহাগড়া, নড়াইল | উক্ত কর্মকর্তাকে গত ১৬.১১.২০২০ তারিখের ৮৯৩ নং প্রজ্ঞাপনে চাকরি থেকে সাময়িক বরখাস্ত করে তার বিরুদ্ধে ১১/২০২০ নং মামলা রুজু করে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়েছে। লঘু দন্ড হিসেবে ২ টি বার্ষিক বেতন বৃদ্ধি ২ বছরের জন্য স্থগিত করে মামলা নিষ্পত্তি করা হয়েছে। |

০৭.০৬.২০২১

(লুৎফুন নাহার)
উপ-সচিব
উপ-পরিচালক (প্রশাসন-১)
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

D:\DDM_Admin_Panahatab\Monthly_Report\2020\objection. feb.2021.docx

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ০৩ | স্মারক নং ১১৪, তাং ১৬.৪.১৯ | গুচ্ছগ্রাম প্রকল্পের কাজ যথাযথভাব তদারকি না করা এবং উপজেলা নির্বাহী অফিসারের স্বাক্ষর জাল করে টাকা আত্মসাত | প্রশাসনিক মন্ত্রণালয় | তপন কুমার ঘোষ পিআইও (১ম শ্রেণি) কলাপাড়া, পটুয়াখালী সাবেক রাঙ্গাবালী, পটুয়াখালী। (সাময়িক বরখাস্ত) | জনাব তপন কুমার ঘোষ, প্রাক্তন প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (সা... বরখাস্ত), তাঁর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮, এর বিধি ৩ এর (খ) ধারা... কর্তব্য কাজে অবহেলা ও অসদাচরণ এর অভিযোগে অভিযুক্ত করে গত ১৯.৫.২০১৯ তারিখে ৫১৫ স্মারকে কারন দর্শানো হয়। কারন দর্শানোর জবাব সন্তোষজনক না হওয়ায় প্রকল্পসমূহ তদারকির ঘাটতি ছিল উল্লেখ করে তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হয়। পত্র নং ১০৭৫, তারিখ ৩১.১০.২০১৯ খ্রি.। পরবর্তীতে মন্ত্রণালয়ের ১১.২.২০ তারিখের ৬৭ নং পত্র মোতাবেক অভিযোগ তদন্ত করে প্রতিবেদন দেয়ার জন্য এ অধিদপ্তরের ১৯.৩.২০ তারিখের ২৯৬ স্মারকে পরিচালক(ভিজিডি)কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। প্রতিবেদন পাওয়ার পর তা যথাযথ না হওয়ায় গত ২১.১২.২০২০ তারিখে ১০৪১ নং স্মারকে পুনরায় প্রতিবেদন দাখিলের অনুরোধ করা হয়েছে। প্রতিবেদন পাওয়া গেছে। |
| ০৪ | জেলা প্রশাসক, গাইবান্ধা এর ০২/০১/২০ খ্রি. তারিখের ১০ নং স্মারক পত্র। | ২০১৮-২০১৯ অর্থ বছরে জুলাই ২০১৮ হতে জুন ২০১৯ পর্যন্ত সময়ে জনাব মোঃ নুরুন্নবী সরকার কর্তৃক গৃহীত ভ্রমণভাতা বিলের অসামঞ্জস্যতা | জেলা প্রশাসক, গাইবান্ধা এর ০২/০১/২০২০ খ্রি. তারিখের ৫১.০১.৩২০০. ০২৪.১৯. ০০২. ১৯. ১০ নং স্মারক পত্র। | জনাব মোঃ নুরুন্নবী সরকার পিআইও বাঘাইছড়ি (সাবেক পিআইও সুন্দরগঞ্জ,গাইবান্ধা) | জেলা প্রশাসক, গাইবান্ধা এর ০২/০১/২০২০ খ্রি. তারিখের ৫১.০১.৩২০০. ০২৪.১৯. ০০২. ১৯. ১০ নং স্মারক পত্রে ২০১৮-২০১৯ অর্থ বছরে জুলাই ২০১৮ হতে জুন ২০১৯ পর্যন্ত সময়ে জনাব মোঃ নুরুন্নবী সরকার কর্তৃক গৃহীত ভ্রমণভাতা বিলের অসামঞ্জস্যের বিষয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমসহ বিভিন্ন সংবাদ মাধ্যমে প্রকাশিত অভিযোগের কারনে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয়েছে। মামলা নং-০৫/২০২০। শুনানী অন্তে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়েছে। তদন্ত প্রতিবেদন এর ভিত্তিতে লঘু দন্ড হিসেবে তাঁকে বেতন গ্রেডের প্রারম্ভিক ধাপে অবনিমতকরণ করে মামলা নিস্পত্তি করা হয়েছে। |
| ০৫ | ডিআরআরও বরগুনা ২৯.০৯.২০ তারিখের ৫৬৪ নং পত্রে | ২২.০৯.২০২০ তারিখ হতে ২৯.০৯.২০২০ তারিখ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত। ২০১৯-২০২০ অর্থ বছরের সকল প্রকল্পের চুড়ান্ত প্রতিবেদন দাখিল না করা। | ডিআরআরও বরগুনা | জনাব মোঃ মফিজুর রহমান, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব বরগুনা সদর) | আনীত অভিযোগের দায়ে গত ৮.১০.২০২০ তারিখে ৭৪৭ নং স্মারকে জনাব মোঃ মফিজুর রহমানকে ১০ দিনের সময় দিয়ে কারন দর্শানোর নোটিশ দেয়া হয়েছে। জবাব পাওয়ার পর জবাবের বিষয়ে জেলা প্রশাসক,বরগুনাকে মতামত প্রদানের জন্য পত্র দেয়া হয়েছে। প্রতিবেদন পাওয়া যায় নি। |
| ০৬ | পরিচালক (ভিজিডি) এর তদন্ত প্রতিবেদন | সিডিউল বিক্রির ১০,০০,৫০০/- (দশ লক্ষ পাঁচশত) টাকা আত্মসাত। | নিজ দপ্তরের অফিস সহঃ জনাব মোঃ বেলাল হোসেনসহ কার্য সহঃ ও অফিস সহায়ক | জামালপুর মাদারগঞ্জ উপজেলার পিআইও জনাব মোঃ জাহিদ হাসান | ২০১৮-২০১৯ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় ১৫ মিটার দৈর্ঘ্য পর্যন্ত সেতু/কালভার্ট নির্মাণ প্রকল্পের ১০১৩টি সিডিউল বিক্রির বিক্রিত মোট ১৫,১৯,৫০০/-(পনের লক্ষ উনিশ হাজার পাঁচশত) টাকার মধ্যে আপনি সরকারী কোষাগারে মাত্র ৫,১৯,০০০/-( পাঁচ লক্ষ উনিশ হাজার) টাকা জমা করে অবশিষ্ট ১০,০০,৫০০/- (দশ লক্ষ পাঁচশত) টাকা সরকারী কোষাগারে জমা প্রদান না করে আত্মসাত এর প্রতিবেদন পাওয়ার পর গত ১৫.১১.২০২০ তারিখের ৮৯১ নং প্রজ্ঞাপনে চাকরি থেকে সাময়িক বরখাস্ত করে তার বিরুদ্ধে ১০/২০২০ নং মামলা রুজু করা হয়েছে। তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়েছে। তদন্ত প্রতিবেদন পাওয়ার পর তদন্ত প্রতিবেদন এর ভিত্তিতে লঘু দন্ড হিসেবে তাঁকে বেতন গ্রেডের প্রারম্ভিক ধাপে অবনিমতকরণ করে মামলা নিস্পত্তি করা হয়েছে। |
| ০৭ | স্মারক নং ৩৬১, তাং-০৫.৭.২০ | সরকারি দায়িত্ব পালনে অবহেলা, অন্যান্য কর্মকর্তাদের সাথে অশোভন আচরণ | উপজেলা নির্বাহী অফিসার, রায়পুর, লক্ষ্মীপুর | জনাব মোহাম্মদ দেলোয়ার হোসেন সাবেক পিআইও, রায়পুর, লক্ষ্মীপুর,বর্তমানে জুড়াইছড়ি, রাংগামাটি | এ অধিদপ্তরের ১৪.০৭.২০২০ তারিখের ৫১.০১.০০০০. ০০৩. ১৯.০১৪.১৯(অংশ-১). ৪১৫ নং অফিস আদেশে লক্ষ্মীপুর জেলার রায়পুর উপজেলা থেকে রাঙ্গামাটি জেলার জুড়াইছড়ি উপজেলায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার শূণ্য পদে বদলীপূর্বক ২১.০৭.২০২০ খ্রি. তারিখ হতে তাৎক্ষনিক অবমুক্তি (Stand Released) করা হয়। যথাসময়ে বদলীকৃত কর্মস্থলে যোগদান না করায় কারন দর্শানো হয়। জবাব পাওয়া গেছে। কারন দর্শানোর জবাব সন্তোষজনক না হওয়ায় ২৭.১২.২০২০ তারিখের ১০৭২ নং প্রজ্ঞাপনে চাকরি থেকে সাময়িক বরখাস্ত করে তার বিরুদ্ধে ১২/২০২০ নং মামলা রুজু করা হয়েছে। পরবর্তী ধার্য তারিখ ১৫.০৩.২০২১। |

০৭.০৬.২০২১
(লুৎফুন নাহার)
উপ-সচিব
উপ-পরিচালক (প্রশাসন-১)
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ০৮ | ২৪.১২.২০ | টেলিফোনে অশালীন, অশোভন ও অগ্রহণযোগ্য কথা বলা এবং প্রাণনাশের হুমকি প্রদান। | জেলা প্রশাসক,যশোর এর পত্র নং ২৯০(৪) তাং-২৪.১২.২০২০ | শরীফ মোঃ রুবেল পিআইও অভয়নগর,যশোর। | যশোর অভয়নগর উপজেলায় কর্মরত থাকাকালীন গত ২২.১২.২০২০ তারিখে অভয়নগর উপজেলা সহকারি প্রোগ্রামার জনাব উত্তরা শতদ্রু প্রাচীর সাথে টেলিফোনে অশালীন,অশোভন ও অগ্রহণযোগ্য কথা বলা এবং তাঁকে প্রাণনাশের হুমকি দেয়া। উল্লেখিত অভিযোগের দায়ে তার বিরুদ্ধে ১৪/২০২০ নং বিভাগীয় মামলা রুজু করে গত ৩১.১২.২০২০ তারিখে অভিযোগনামা প্রেরণ করা হয়েছে। তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়েছে। তদন্ত প্রতিবেদন পাওয়ার পর তদন্ত প্রতিবেদন এর ভিত্তিতে লঘু দন্ড হিসেবে তাঁকে বেতন গ্রেডের প্রারম্ভিক ধাপে অবনিমতকরণ করে মামলা নিষ্পত্তি করা হয়েছে। |
| ০৯ | লক্ষ্মীপুর থেকে দর্পন পত্রিকায় ২৫.১১.২০২০ তারিখে প্রকাশিত অভিযোগ | বিভিন্ন প্রকল্পের কোটি কোটি টাকা আত্মসাত | মন্ত্রণালয়ের গত ২৪.১২.২০২০ তারিখের ২৫৩ নং পত্র মোতাবেক | লক্ষ্মীপুর জেলার সদর উপজেলার পিআইও জনাব মোঃ মোশারফ হোসেন এবং রামগতি ও কমলনগর উপজেলার পিআইও জনাব মোঃ রিয়াদ হোসেন। | প্রশাসনিক মন্ত্রণালয়ের পত্র মোতাবেক লক্ষ্মীপুর জেলার সদর, রামগতি ও কমলনগর উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসারগণের বিরুদ্ধে দর্পন পত্রিকায় প্রকাশিত অভিযোগ তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য ০৬.০১.২০২১ তারিখে ৫১.০১.০০০০.০০৩.১৮.৫১৫.১১.১০ নং স্মারকে জেলা প্রশাসক, লক্ষ্মীপুরকে অনুরোধ করা হয়েছে। |
| ১০ | বদলীকৃত কর্মস্থলে যথাসময়ে যোগদান না করায় | মিরপুর, কুষ্টিয়া হতে গত ২৭.১০.২০২০ তারিখে বরকল, রাঙামাটিতে বদলী করা হয়। তিনি যথাসময়ে বদলীকৃত কর্মস্থলে যোগদান না করায় পলায়নের অভিযোগে মামলা রুজু করা হয়। | ১৪.০২.২০২১ তারিখের ১৫৪ নং অভিযোগনামা। | মোঃ আব্দুল কাইয়ুম খান। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বরকল,রাঙামাটি। | উল্লেখিত অভিযোগের কারণে তাঁর বিরুদ্ধে ০১/২০২১ মামলা রুজু করে ১৪.০২.২০২১ তারিখে অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়। অভিযোগনামার জবাব পাওয়া গেছে। তাঁর ব্যক্তিগত শুনানী হয়েছে। শুনানীঅন্তে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়েছে। পরবর্তী তারিখ ২৮.০৩.২০২১ খ্রি. |
| ১১ | ভূয়া মেডিকেল বোর্ডের প্রত্যয়ন দিয়ে অর্জিত ছুটির আবেদন করা। | তিনি রুপসা, খুলনাতে কর্মরত থাকা অবস্থায় গত ০৪/০২/২০১৯ তারিখ হতে ১৯/০৫/২০১৯ তারিখ পর্যন্ত পূর্ণ বিশ্রামসহ অসুস্থতা এবং ফিটনেস এর স্বপক্ষে ভূয়া মেডিকেল বোর্ডের প্রত্যয়ন দিয়ে অর্জিত ছুটির আবেদন করেন। | ১৪.০২.২০২১ তারিখের ১৫৩ নং অভিযোগনামা। | শরীফ মোঃ রুবেল উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, লোহাগড়া,নড়াইল | উল্লেখিত অভিযোগের কারণে তাঁর বিরুদ্ধে ০২/২০২১ মামলা রুজু করে ১৪.০২.২০২১ তারিখে অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়। অভিযোগনামার জবাব পাওয়া যায়নি। তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়েছে। পরবর্তী তারিখ ২২.০৩.২০২১ খ্রি. |
| ১২ | সেতু নির্মাণের স্থান যথাযথভাবে নির্বাচন না করায় দায়িত্বে অবহেলার কারণে। | যথাযথভাবে সেতু নির্মাণের স্থান নির্বাচন না করা। তড়িঘড়ি করে সেতু নির্মাণের উদ্যোগ নেয়া হয় এবং চলতি বিল বাবদ ১০.৭০ লক্ষ টাকা প্রদান করা। | ১৭.০২.২০২১ তারিখের ১৮৯ নং অভিযোগনামা। | জনাব সোহেল রানা পাপ্পু, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, গৌরীপুর,ময়মনসিংহ। | তিনি গৌরীপুর উপজেলায় কর্মকালীন সময়ে "গ্রামীণ রাস্তায় ১৫ মিটার দৈর্ঘ্য পর্যন্ত সেতু/কালভার্ট নির্মাণ" প্রকল্পের আওতায় ২০১৮-২০১৯ অর্থ বছরে ময়মনসিংহ জেলার গৌরীপুর উপজেলায় (গৌরীপুর ইউপি) "১৬, কোনাপাড়া হতে রায়বাউড়া রাস্তায় নয়া খালের উপর আনোয়ার পুলিশের বাড়ীর উত্তর পাশের ৩৬ ফুট দৈর্ঘ্যের" সেতু নির্মাণের স্থান যথাযথভাবে নির্বাচন না করা। তড়িঘড়ি করে সেতু নির্মাণের উদ্যোগ নেয়া হয় এবং চলতি বিল বাবদ ১০.৭০ লক্ষ টাকা প্রদান করা। সেতুটির নির্মাণ কাজ সমাপ্ত হওয়ার আগেই ফাটল দেখায় তাঁর বিরুদ্ধে ০৩/২০২১ মামলা রুজু করে ১৭.০২.২০২১ তারিখে অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়। পরবর্তী তারিখ ০৪.০৩.২০২১ খ্রি. |

১৭.০৬.২০২১
(লুৎফুন নাহার)
উপ-সচিব
উপ-পরিচালক (প্রশাসন-১)
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১৩ | ২৬.১২.২০২০ তারিখে দৈনিক ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত সংবাদ | ব্রীজের উভয় পাশেই সরিষাক্ষেত, দেড়-দুই কিলোমিটারের মধ্যে কোন রাস্তা নেই। সংযোগ সড়ক বিহীন রাস্তায় ব্রীজ নির্মাণের প্রস্তাব প্রেরণ, উপরন্তু ব্রীজের এ্যাপ্রোচ রোডে মাটি ভরাট না করে নির্মাণ কাজে দুই কিস্তিতে ৭,০০,০০০/- (সাত) লক্ষ টাকার বিল পরিশোধ | ২৮.০২.২০২১ তারিখের ২১০ নং অভিযোগনামা। | জনাব মোঃ আজিজুর রহমান , উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (২য় শ্রেণি) রৌমারী, কুড়িগ্রাম | ২০১৯-২০২০ অর্থ বছরে গ্রামীণ রাস্তায় ১৫ মিটার দৈর্ঘ্য পর্যন্ত সেতু/কালভার্ট নির্মাণ প্রকল্পের আ[illegible] রৌমারী উপজেলায় বাস্তবায়িত বন্দবেড় ইউনিয়নের জিগ্নিকান্দি গ্রামে ইউনিয়নের জিগ্নিকান্দি গ্রা[illegible] জিগ্নিকান্দি হতে সোনাভরি উচ্চ বিদ্যালয় হয়ে বন্দবেড় ইউনিয়ন পরিষদে যাবার রাস্তায় সোনাভরি খালের উপর ৩৬ ফুট দৈর্ঘ্যের সেতুটি যথাযথভাবে নির্মাণ করেননি। সেতু নির্মাণ করা হলেও সেতুর এপ্রোচরোড নির্মাণ না করায় ব্রীজটি ব্যবহার উপযোগী হয়নি। এ বিষয়ে সরেজমিন তদন্ত প্রতিবেদনে দেখা যায় ব্রীজের উভয় পাশেই সরিষাক্ষেত, দেড়-দুই কিলোমিটারের মধ্যে কোন রাস্তা নেই। সংযোগ সড়ক বিহীন রাস্তায় ব্রীজ নির্মাণের প্রস্তাব করেছেন। উপরন্তু ব্রীজের এ্যাপ্রোচ রোডে মাটি ভরাট না করে নির্মাণ কাজে দুই কিস্তিতে ৭,০০,০০০/- (সাত) লক্ষ টাকার বিল পরিশোধ করায় তাঁর বিরুদ্ধে ০৪/২০২১ মামলা রুজু করে ২৮.০২.২০২১ তারিখে অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়। পরবর্তী তারিখ ১৫.০৩.২০২১ খ্রি। |

০৭.০৬.২০২১.

(লুৎফুন নাহার)
উপ-সচিব
উপ-পরিচালক (প্রশাসন-১)
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর